**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/1/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল মিড-হাডসন ব্রিজে নগদবিহীন টোল গ্রহণ বাস্তবায়নের ঘোষণা দিলেন

***মাইলফলকটি নিউ ইয়র্ক স্টেট চালিত সকল টোল রাস্তায় নগদবিহীন টোল গ্রহণ বাস্তবায়ন করা চিহ্নিত করে, আরো নিরাপদ ও আরো সহজ যাত্রার জন্য***

***এখন পুরো স্টেটের ব্রিজ কর্তৃপক্ষ ও থ্রুওয়ে কর্তৃপক্ষের রাস্তার নেটওয়ার্কে টোল সংগৃহীত হবে ই-জিপাশ বা টোলস বাই মেইলের মাধ্যমে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 1 মার্চ, মঙ্গলবার থেকে হাইল্যান্ড ও পাকিপ্সির মধ্যে সংযোগকারী মিড-হাডসন ব্রিজে (Mid-Hudson Bridge) নগদবিহীন টোল গ্রহণ বাস্তবায়ন করা হয়েছে। উল্লেখযোগ্য এই মাইলফলকটি নিউ ইয়র্ক স্টেটের ব্রিজ কর্তৃপক্ষ ( New York State Bridge Authority, NYSBA) পরিচালিত পাঁচ-ব্রিজের ব্যবস্থাজুড়ে নগদবিহীন টোল গ্রহণ বাস্তবায়নের কাজ শেষ করাকে চিহ্নিত করে, এবং নিউ ইয়র্ক স্টেটের পরিচালিত সকল রাস্তাকে নগদবিহীন টোল গ্রহণের আওতায় নিয়ে আসে।

"যখন 1930 সালে মিড-হাডসন ব্রিজটি খুলে দেওয়া হয়, তখনকার গভর্নর ফ্র্যাঙ্কলিন রুজভেল্ট (Franklin Roosevelt, FDR) এই ব্রিজটি এবং এধরনের অন্যান্য ব্রিজ হাডসন ভ্যালি ও বাকি নিউ ইয়র্ক স্টেটে যে অর্থনৈতিক ও সামাজিক সুবিধা আনবে তার ভূয়সী প্রশংসা করেছেন," **গভর্নর হোকল বলেন।** "আজকে, FDR-র সময়ের মতোই, নিউ ইয়র্ক আমাদের একবিংশ শতাব্দীর চাহিদা মেটাতে আমাদের অবকাঠামো নেটওয়ার্ককে আরো মজবুত করতে অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ করছে, যার মধ্যে রয়েছে নগদবিহীন টোল গ্রহণ বাস্তবায়ন। মাইলফলকটি নিউ ইয়র্কের পরিবহন নেটওয়ার্কের প্রতি আমাদের অব্যাহত প্রতিশ্রুতির প্রমাণ, এবং যেহেতু আমাদের স্টেটচালিত সকল রাস্তা এখন নগদবিহীন প্রযুক্তি দিয়ে চলছে, তাই নিউ ইয়র্কবাসীরা আমাদের ব্রিজ ও হাইওয়েগুলিতে আরো নিরাপদ, আরো সহজ যাত্রার সুবিধা উপভোগ করতে পারবে।"

মোটরচালকেরা এখন ই-জিপাশ (E-ZPass) ট্যাগ পড়তে পারে এবং লাইসেন্স প্লেটের ছবি তুলতে পারে এমন অত্যাধুনিক সেন্সর ও ক্যামেরাসহ একটি গ্যান্ট্রির নিচ দিয়ে অবিরাম চলতে পারবে। ই-জিপাশ ট্যাগসহ যানবাহন থেকে স্বয়ংক্রিয়ভাবে টোল কেটে রাখা হবে এবং ই-জিপাশ ট্যাগ ছাড়া যানবাহনের লাইসেন্স প্লেটের ছবি তুলে রাখা হবে এবং সেই যানবাহনের

নিবন্ধিত মালিককে টোলস বাই মেইল NY (Tolls by Mail NY) এর মাধ্যমে একটি টোল বিল মেইল করা হবে।

মাথার উপরের নগদবিহীন টোল গ্রহণের সরঞ্জামসহ গ্যান্ট্রিটি ব্রিজের পশ্চিম প্রান্তে নির্মাণ করা হয়েছে, যা ব্রিজ কর্তৃপক্ষের সদর দপ্তর থেকে সামান্য পশ্চিমে। সকল হাডসন নদীর ব্রিজের মতো, শুধু পূর্বমুখী যাত্রীদের থেকে টোল সংগ্রহ করা হবে।

বর্তমান টোল বুথগুলি অবিলম্বে অপসারণ করার কথা রয়েছে। টোল বুথ অপসারণ করা হলে আরো নিরাপদ ও মসৃণ ট্র্যাফিক চলাচলের জন্য রাস্তা যাতে প্রতিবন্ধকতামুক্ত থাকে তা নিশ্চিত করা যাবে। যখন টোল বুথ ভেঙ্গে ফেলা হচ্ছে, তখন চালকদের বর্তমান টোল প্লাজা এলাকা দিয়ে যেতে বলা হবে এবং সতর্কতার সাথে যাতায়াত করতে বলা হচ্ছে।

আরো মসৃণ ও নিরাপদ যাত্রার পাশাপাশি, নগদবিহীন টোল গ্রহণের ফলে পরিবেশগত সুবিধাও হবে যেহেতু ইঞ্জিন অলস কম থাকবে এবং জ্বালানি অপচয় কম হবে, ফলে যানবাহন থেকে নিঃসরণ কম হবে।

নগদবিহীন টোল গ্রহণ এখন নিউ ইয়র্ক স্টেটের ব্রিজ কর্তৃপক্ষের পরিচালিত পাঁচটি স্প্যানের প্রত্যেকটিতে কার্যকর হলো: বিয়ার মাউন্টেন (Bear Mountain), নিউবার্গ-বিকন (Newburgh-Beacon), মিড-হাডসন, কিংস্টন-রাইনক্লিফ (Kingston-Rhinecliff), এবং রিপ ভ্যান উইঙ্কল (Rip Van Winkle) ব্রিজ। নিউবার্গ-বিকন ব্রিজে প্রথম 7 জুলাই, 2021 তারিখে নগদবিহীন টোল গ্রহণ শুরু করা হয়। পরবর্তী মাসগুলিতে অন্য চারটি ব্রিজে একটি একটি করে এটি শুরু হয়, মিড-হাডসন ব্রিজটি সর্বশেষ এই পরিবর্তন করলো।

ব্রিজ কর্তৃপক্ষের নগদবিহীন টোল গ্রহণ শুরু করা রাস্তা ও ব্রিজে প্রযুক্তি নিয়ে আসতে এবং পুরো এম্পায়ার স্টেটে চালকদের জন্য আরো সহজ যাতায়াতের ব্যবস্থা করতে নিউ ইয়র্কের প্রচেষ্টার সর্বশেষ মাইলফলক। সাম্প্রতিক বছরগুলিতে, মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) ব্রিজ ও টানেল (Bridges & Tunnels) এবং নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে কর্তৃপক্ষ (New York State Thruway Authority) নগদবিহীন টোল গ্রহণ বাস্তবায়ন করেছে, এখন ব্রিজ কর্তৃপক্ষ সর্বশেষ স্টেট এনটিটি হিসেবে নতুন ব্যবস্থায় রূপান্তর শেষ করলো।

2021 সালে, থ্রুওয়ে কর্তৃপক্ষ কর্তৃপক্ষের নগদবিহীন টোল গ্রহণ নকশা-নির্মাণ প্রকল্প (Cashless Tolling Design-Build Project) শেষ হওয়ার ঘোষণা করে যা পুরো 570-মাইল থ্রুওয়ে ব্যবস্থায় নগদবিহীন টোল গ্রহণ শুরু করার চূড়ান্ত পর্যায়কে চিহ্নিত করে। প্রকল্পটি চূড়ান্ত পর্যায়ে ছিলো 230টি একক টোল বুথ অপসারণ এবং থ্রুওয়ের প্রাক্তন টিকেট ব্যবস্থার 52টি প্রাক্তন টোল প্লাজার অবস্থানের পুনর্নির্মাণ ও পুনর্বিন্যাস।

**নিউ ইয়র্ক স্টেটের ব্রিজ কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক ডাঃ মিনোস্কা অ্যালকেন্টারা বলেন,** "1930 সালে খুলে দেওয়ার পর থেকে, মিড-হাডসন ব্রিজটি আলস্টার ও ডাচেস কাউন্টিসমূহের একটি অতি গুরুত্বপূর্ণ সংযোজক হিসেবে কাজ করেছে এবং এটি নিউ ইয়র্ক

স্টেটের সবথেকে সুন্দর ব্রিজগুলির একটি। প্রায় এক শতাব্দী পর, আমরা এই আইকনিক স্প্যানের, ব্রিজ কর্তৃপক্ষের, এবং আমরা যেই অঞ্চলের সেবাদান করি তার সম্পূর্ণটির জন্য একটি দারুণ নতুন অধ্যায়ে প্রবেশ করলাম। নগদবিহীন টোল গ্রহণ হাডসন ভ্যালিতে সংযুক্ত করছে এবং সকলের জন্য যাতায়াত উন্নত করছে।"

**নিউ ইয়র্ক স্টেটের ব্রিজ কর্তৃপক্ষের কমিশনারদের বোর্ডের প্রধান জোয়ান ম্যাকডোনাল্ড বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের ব্রিজ কর্তৃপক্ষের বোর্ড কর্তৃপক্ষ ও স্টেটের পরিবহন ব্যবস্থার জন্য দারুণ এই মাইলফলককে চিহ্নিত করতে পেরে অত্যন্ত আনন্দিত। নগদবিহীন টোল গ্রহণ একটি সহজ যাত্রার অভিজ্ঞতা প্রদান করে এবং আমরা অন্য যেসকল পরিবহন কর্তৃপক্ষ জনসাধারণের যাতায়াতের সুবিধার জন্য এই অত্যাধুনিক প্রযুক্তি বাস্তবায়ন করেছে আমাদের সেই অংশীদারদের সাথে যোগ দিতে পেরে গর্বিত। বোর্ড NYSBA-র কর্মীদের গত এক বছর ধরে এই নতুন ব্যবস্থা শুরু করতে তাদের নিবেদন ও কঠোর পরিশ্রমের জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে।"

**অ্যাসেম্বলি সদস্য জনাথন জ্যাকবসন বলেন,** "হাইল্যান্ড ও পাকিপ্সি সিটি উভয়ের প্রতিনিধিত্ব করা অ্যাসেম্বলি সদস্য হিসেবে, আমি মিড-হাডসন ব্রিজে নগদবিহীন টোল গ্রহণ শুরু হতে দেখে অতিশয় আনন্দিত। আমি নিউ ইয়র্ক স্টেটের ব্রিজ কর্তৃপক্ষের সকলকে এই পরিবর্তন সম্ভব করতে তাদের কঠোর পরিশ্রমের জন্য আমার ধন্যবাদ ও অভিনন্দন প্রেরণ করছি। এখন যেহেতু মিড-হাডসন ব্রিজটি হাডসন ভ্যালির অন্যান্য নগদবিহীন টোল গ্রহণকারী ব্রিজগুলির সাথে যোগ দিয়েছে, আমি আমাদের অঞ্চলজুড়ে দ্রুততর, আরো মসৃণ ও নিরাপদ যাতায়াত দেখার জন্য উন্মুখ।"

**কর্মী ব্যবস্থাপনা পরিকল্পনা**

যদিও এখন আর বাস্তব বুথে টোল সংগ্রহ করার কর্মী থাকবে না, তবে কর্তৃপক্ষের স্প্যানগুলির কিছু টোল সংগ্রহকারী ও ব্রিজ পরিচালনার কর্মীদের নতুন নিরাপত্তা টেকনিশিয়ান পদে স্থানান্তর করা হয়েছে যাতে তারা নগদবিহীন হয়ে যাওয়ার পূর্বে তারা যেই সময়ে কাজ করতো, সেই একই সময়ের জন্য ব্রিজে কর্মরত থাকতে পারে। নিরাপত্তা টেকনিশিয়ানগণ সেসব পরিচালনা কর্মকাণ্ড বজায় রাখবে যা পূর্বে টোল সংগ্রহকারী কর্মীরা করতো, যেমন জরুরি সাড়াদানে সাহায্য করা এবং অনসাইট নিরাপত্তা পর্যবেক্ষণ। পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেটের ব্রিজ কর্তৃপক্ষ দ্বারা পরিচালিত সকল স্প্যান কর্তৃপক্ষের কমান্ড সেন্টার দ্বারা 24/7 পর্যবেক্ষণ করা হবে।

**পেমেন্টের বিকল্পসমূহ**

ই-জিপাশ ট্যাগবিহীন সকল চালকদের সঞ্চয় ও সুবিধার সুযোগ নিতে ট্যাগ গ্রহণ করার জন্য জোরালোভাবে উৎসাহিত করা হচ্ছে। ট্যাগ অর্ডার করা যেতে পারে www.e-zpassny.com এ অথবা পুরো স্টেটে অনেক খুচরা বিক্রেতার কাছ থেকে নেওয়া যেতে পারে। নিউ ইয়র্ক ই-জিপাশ ব্যবহারকারীরা ব্রিজ কর্তৃপক্ষের ফ্যাসিলিটিসমূহে এবং ই-জিপাশ নেটওয়ার্কের মধ্যকার অন্যান্য টোল রাস্তায় ছাড় মূল্যে টোল প্রদান করে।

ই-জিপাশ বিহীন গ্রাহকদের মেইল, ফোন, অনলাইন এবং টোলস NY অ্যাপের মাধ্যমে অর্থ প্রদান করার বেশ কিছু বিকল্প আছে। **826 এ ফোন করা গ্রাহকেরা অধিকাংশ মোবাইল

ডিভাইসের ক্ষেত্রে একটি টেক্সট বার্তা পাবেন যেখানে টোলস বাই মেইল নিউ ইয়র্ক ওয়েবসাইটের লিঙ্ক থাকবে (www.tollsbymailny.com) এবং কীভাবে তাদের টোল বিল পরিশোধ করা যাবে সে সম্পর্কে তথ্য থাকবে। সকল টোলস বাই মেইল গ্রাহকেরা টোলের পূর্ণ মূল্য পরিশোধ করবে।

ব্রিজ কর্তৃপক্ষ সকল চালকদের টোলস NY মোবাইল অ্যাপটি ডাউনলোড করার সুপারিশ করছে যাতে সহজেই ই-জিপাশ বিবরণ দেখা যায় এবং টোলস বাই মেইল ইনভয়েস পরিশোধ করা যায়।

## নিউ ইয়র্ক স্টেট ব্রিজ কর্তৃপক্ষের সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেট ব্রিজ কর্তৃপক্ষ বিয়ার মাউন্টেইন, নিউবার্গ-বিকন, মিড-হাডসন, কিংস্টন-রাইনক্লিফ এবং রিপ ভ্যান উইঙ্কল ব্রিজগুলি পরিচালনা করে। এটি ওয়াকওয়ে ওভার দ্য হাডসন পথচারী ব্রিজটির কাঠামোটির মালিক এবং এর রক্ষণাবেক্ষণ করে। কর্তৃপক্ষটি মূলত ব্রিজের টোল থেকে অর্থের যোগান পায় এবং ব্রিজ রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য স্টেট বা ফেডারেল কোনও কর অর্থ পায় না। আরও জানুন www.nysba.ny.gov-এ। নিউ ইয়র্ক স্টেট ব্রিজ কর্তৃপক্ষকে খুঁজে পাবেন ফেসবুকে www.facebook.com/NYSBridge এবং টুইটারে www.twitter.com/NYSBridge।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418